

সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার বিবরণী
আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

সভাপতি : বার্না রহমান

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

তারিখ : ০৬-০৬-২০২২ খ্রি: সকাল ১১.০০ ঘটিকায়

স্থান

: উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

উপস্থিত সদস্যগণের স্বাক্ষর পরিশিষ্ট “ক”

অদ্য ০৬-০৬-২০২০ খ্রি: তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় সমাজকল্যাণ বিষয়ক এক সভা মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বার্না রহমান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ। তিনি কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার জনাব মোঃ হুমায়ুন কবীর সাহেব কে আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য অনুরোধ জানান।

ক্র: নং ০১ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সিদ্ধান্ত ও সুপারিশ	বাস্তবায়ন
আলোচনা ও পর্যালোচনা	সিদ্ধান্ত ও সুপারিশ	বাস্তবায়ন
সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।	পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করণ করা হয়	সংশ্লিষ্ট সকল

ক্র: নং ০২ সমাজসেবার বিভিন্ন কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত	সিদ্ধান্ত ও সুপারিশ	বাস্তবায়ন
আলোচনা ও পর্যালোচনা	সিদ্ধান্ত ও সুপারিশ	বাস্তবায়ন
কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার জানান অত্র উপজেলার জন্য সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরের বয়স্ক ভাতার ১১৪৫৭ জন, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা ৩৫৮৬ জনের, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতার ৩০১৪ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি -১৬৮, অগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা-৭৫ জন, অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি ৪২ জন ভাতাভোগীদের মোবাইলের মাধ্যমে শতভাগ ভাতার অর্থ পরিশোধ করা হয়েছে। উল্লেখ্য যে, মৃত্যুর পরিবর্তে নতুন ভাতাভোগী প্রতিস্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	প্রত্যেক ইউনিয়ন ও পৌরসভার চেয়ারম্যানদের প্রতিস্থাপন তালিকা হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রাপ্ত মৃত ভাতাভোগীর পরিবর্তে নতুন করে প্রতিস্থাপন করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা অফিসার

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(বার্না রহমান)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, আড়াইহাজার,
নারায়ণগঞ্জ

ও

সভাপতি

সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি